ধেপ্র

দৈনিক ইনকিলাব

তারিখ ...2-3 JUL 1998 ...
পৃঃ ২১ ... কলাম ... ৭.....

বুধবার সর্বাত্মক ছাত্র ধর্মঘট

# চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের মিছিলে পুলিশের হামলা

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার : ছাত্র-ছাত্রীদের বিভিন্ন ফি বৃদ্ধির প্রতিবাদে গতকাল (বুধবার) জাতীয়তাবাদী ছাত্রদলের উদ্যোগে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে বিক্ষোভ মিছিল ও ভাইস চ্যান্সেলরের অফিস ঘেরাও কর্মসূচীতে পুলিশ হামলা চালিয়েছে। এর প্রতিবাদে ছাত্রদল আগামী ২৯ জুলাই বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘটসহ ৭ দিনের কর্মসূচী ঘোষণা করে। প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল ছাত্রদলের পূর্বঘোষিত বিক্ষোভ মিছিল ও ভিসি অফিস ঘেরাও কর্মসূচীর অংশ হিসেবে বেলা ১১টায় ছাত্রদল কর্মীরা চাকসু ভবন থেকে মিছিল করে ভিসি ভবনের দিকে যাওয়ার পথে বিপুল সংখ্যক দাঙ্গা পুলিশ মিছিলের গতিরোধ করে। ছাত্রদল বিকল্প পথে গিয়ে ভিসি অফিস ঘেরাও করে। ঘেরাও চলাকালেও পুলিশ বাধা প্রদান করে। এক পর্যায়ে পুলিশ ও ছাত্রদল কর্মীদের মধ্যে হাতাহাতি হয় বলে জানা গেছে। ছাত্রদলের এক প্রেস বিজ্ঞপ্তিতে অভিযোগ করা হয়, বিশ্ববিদ্যালয় প্রশাসনের নির্দেশে পুলিশ ছাত্রদলের শান্তিপূর্ণ কর্মসূচীতে হামলা চালায়। এর প্রতিবাদে এক সমাবেশ মোঃ সেলিমের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এতে ফখরুল ইসলাম, খোরশেদ আলম, আনোয়ারুল করিম হিরু, খোকন, রিংকু, শফিকুজ্জামান শহীদ, মোশারফ হোসেন, মোঃ ইমতিয়াজ প্রমুখ বক্তব্য রাখেন। সমাবেশে আজ (বৃহস্পতিবার) থেকে ২৭ জুলাই পর্যন্ত গণসংযোগ, ২৮ জুলাই ক্যাম্পাসে বিক্ষোভ ও ২৯ জুলাই বিশ্ববিদ্যালয়ে সর্বাত্মক ছাত্র ধর্মঘট ঘোষণা করা হয়।